

উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মোঃ জাহিদুল্লাহ

উপজেলা ভাইস চেয়ারম্যান, শৈলকুপা, বিনাইদহ।

সভার তারিখঃ-০৯/০৫/২০২২-ইং।

স্থানঃ- উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, শৈলকুপা, বিনাইদহ।

সময়: বেলা ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত: সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সদস্য সচিব সভার আলোচ্যসূচী পেশ করেন।

আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা: সদস্য সচিব সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে কিছু বিষয়ে সংযোজন বিয়োজন করে কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ২:

আলোচনা: ক্রীড়া ও খেলাধুলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ইউনিয়ন পর্যায়ে থেকে খেলোয়ার সৃষ্টির বিষয়ে আলোচনা হয়। বেকার যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের বিষয়ে আলোচনা হয় এবং খেলাপী ঋণ আদায়ের বিষয়ে কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়।

আলোচ্য সূচী ৩:

আলোচনা: উপজেলা পর্যায়ে ক্রীড়া উন্নয়নে বিলুপ্তি প্রায় ০৮টি ক্যাটাগরিতে (ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টন, ডলিবেল, কাবাডি, সাঁতার, স্কেট বোর্ড ও কারাতে) প্রতিযোগিতার আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। খেলাধুলার গুরুত্ব বিষয়ে সামাজিক ও পারিবারিক সচেতনতার বিষয়েও আলোচনা করা হয়।

আলোচ্য সূচী ৪:

আলোচনা: সামগ্রিক বিষয়ে আলোচনা অস্তে সামাজিক অবক্ষয় রোধে বাল্য বিবাহ, আত্মহত্যা, ইভটিজিং প্রতিরোধ, পারিবারিক সহিংসতা এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মাদকমুক্ত সমাজ গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

পরিশেষে উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাজেটের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় আজকের সভায় উপস্থিত সকল সদস্যকে শৈলকুপা উপজেলাকে যুব ও ক্রীড়া বান্ধব উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সকলকে একসাথে কাজ করার অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাহিদুল্লাহ

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

শৈলকুপা, বিনাইদহ।

তারিখঃ- ০৯/০৫/২০২২-ইং।


স্মারকঃ- যুউঅ/শৈল/বিনাই.৬৭-২০০০-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ।

০১. উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, বিনাইদহ।

০২. চেয়ারম্যান উপজেলা পরিষদ, শৈলকুপা, বিনাইদহ

০৫. অফিস কপি।



মোহঃ মিজানুর রহমান

উপজেলা যুব উন্নয়ন অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

শৈলকুপা, বিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নংঃ- যুউঅ/শৈল/উপজেলা পরিষদ ৬৭/২০০০-৮৬৮(ক)

তারিখঃ- ০৯/০৫/২০২২-খ্রিঃ।

“সভার নোটিশ”

আগামী ০৯/০৫/২০২২ -ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মহোদয় এর অফিস কক্ষে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির এক সভা আহবান করা হয়েছে।

সভায় সম্মানিত সকল সদস্যকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো

প্রাপ্তক,

.....
.....
.....



মোহাঃ মিজানুর রহমান
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

বিতরণ সদয় জ্ঞাতার্থে


- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঝিনাইদহ।
- ০৪। অফিস কপি।

০৯/০৫/২০২২-ইং তারিখে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় কমিটির সদস্য বৃন্দের
নামের তালিকা নিম্নরূপঃ

স্মারক নং-যুউঅ/শৈল/উপজেলা পরিষদ৬৭/২০০০-৮৬৮(ক)

তারিখঃ-০৯/০৫/২০২২ইং

ক্রমিক নং	অফিসারের নাম/ পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১.	উপজেলা ভাইস চেয়ারম্যান, শৈলকুপা		
০২.	চেয়ারম্যান ,০৯নং-মনোহরপুর ইউপি, শৈলকুপা		
০৩.	চেয়ারম্যান ,০৫নং-কাচেরকোল ইউপি, শৈলকুপা		
০৪.	উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা		
০৫.	উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা		


০৯/০৫/২০২২

মোহাঃ মিজানুর রহমান
উপজেলা যুব উন্নয়ন অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ